

ঢাকা ওয়াসা

(৩)
(২)
(৬)
(৪)

২০২৪-২৫ ইং অর্থ-বছরের সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।

মাস ক্রিনিং কাজের ধাপ ও গুপের তালিকা।

স্লাজ অপসারণ কাজের কমিটি কর্তৃক অনুমোদিত দরের কপি।

প্রস্তাবিত কাজের প্রাক্কলন।

বিষয়ঃ Removal of Sludge Lifted from Sewerage Lines at Different areas under MODS Zone-1, Dhaka WASA. অনুমোদন প্রসঙ্গে।

১। ঢাকা ওয়াসার অধীন মডস জোন-১, ঢাকা শহরের বিস্তীর্ণ এবং গুরুত্বপূর্ণ এলাকায় পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন সেবা প্রদান করে থাকে। অত্র জোনের অধীনে গেভারিয়া, ফরিদাবাদ, ঢালকানগর, সূত্রাপুর, নারিন্দা, বনগ্রাম, নবাবপুর, ওয়ারী, গোয়ালঘাট, লক্ষীবাজার, খোলাইখাল, ফরাশগঞ্জ, স্বামিবাগ, কেএমদাস লেন, গোপীবাগ, মুন্ডা, বাসাবো, কদমতলা, আহম্মদবাগ, কমলাপুর এবং মতিঝিল এলাকাসহ অন্যান্য এলাকায় বিভিন্ন ব্যাসের প্রায় সর্বমোট ২১২ কিঃমিঃ দীর্ঘ পয়ঃলাইন বিদ্যমান রয়েছে। উক্ত পয়ঃ লাইন দ্বারা সংশ্লিষ্ট এলাকার গ্রাহকগণের পয়ঃ বর্জ্য অপসারিত হয়। পয়ঃ সেবা প্রদানের মাধ্যমে ঢাকা ওয়াসার বিপুল পরিমাণ রাজস্ব আয় হয়। অত্র জোনের আওতাধীন পয়ঃলাইন সমূহ দীর্ঘ দিনের পুরাতন এবং জরাজীর্ণ অবস্থায় আছে। ফলে বিভিন্ন এলাকা হতে প্রায়ই সুয়ার ওভার-ফ্লো এর অভিযোগ আসে। এতে গ্রাহক অসন্তুষ্টিসহ পরিবেশ দূষিত হওয়ার পাশাপাশি মারাত্মক জনস্বাস্থ্য বিঘ্নিত হবার সম্ভাবনা তৈরী হয়। অত্র জোনের আওতাধীন বিভিন্ন এলাকায় সঠিক পয়ঃ প্রবাহ বজায় রাখা, পরিবেশ দূষণ রোধ ও ঢাকা ওয়াসার ভাবমূর্তি রক্ষার্থে আসন্ন বর্ষা মৌসুমের পূর্বেই জরুরী ভিত্তিতে সুয়ার লাইন ও ম্যানহোল মাস ক্রিনিং কাজ করা প্রয়োজন।

২। মডস জোন- ১, আওতাধীন সমগ্র এলাকাকে ২১ টি ভাগে/গুপে বিভক্ত করতঃ ০৩(তিন) টি ধাপে ক্রিনিং কাজ সম্পন্ন করার উদ্যোগ নেওয়া হয়েছে (সংযুক্ত ক্রঃ নং ২)। মাস ক্রিনিং কাজে লেবার নিয়োজিত করে বিদ্যমান পয়ঃ লাইন ও ম্যানহোল হতে স্লাজ উত্তোলন করা হবে। পরবর্তিতে ট্রাক এবং ভ্যান গাড়ীর মাধ্যমে স্লাজ অপসারণ করা হবে। এখানে উল্লেখ্য যে, স্লাজ উত্তোলন কাজে বিভাগীয় ভাবে স্লাজ ডিওয়াটারিং পাম্প ব্যবহার করা হবে। বিষয়ভূক্ত স্লাজ অপসারণ কাজ এর মাধ্যমে ধাপ -১ এর মোট ৭ টি(সাত) গুপ এ উত্তোলিত স্লাজ অপসারণ করা হবে। ঢাকা ওয়াসার গঠনকৃত টাস্কফোর্স টাম-৩ কর্তৃক বর্ণিত স্লাজ অপসারণ কাজটি মনিটরিং করা হবে।

৩। অত্র জোনের আওতাধীন সমগ্র এলাকার পয়ঃলাইন মাস ক্রিনিং এর ২১ টি গুপের মধ্যে ১ম ধাপের মোট ৭ টি(সাত) গুপের উত্তোলিত স্লাজ অপসারণ এর জন্য অনুমোদিত দর (সংযুক্ত ক্রঃ নং ৩) অনুযায়ী একটি প্রাক্কলন তৈরি করা হয়েছে। যাতে মোট ব্যয়ের পরিমাণ দাঁড়িয়েছে ৳ ৪৯৮,৫০০/- (চার লক্ষ আটানব্বই হাজার পাঁচশত) টাকা মাত্র (সংযুক্ত ক্রঃ নং ৪)। কাজটি পি.পি.আর-২০০৮ এর বিধি ৭৬/(১)(ট) অনুযায়ী ঠিকাদারি প্রতিষ্ঠান ফ্রেন্ডস মোজাইক এন্ড কন্সট্রাকশন এর সহিত সরাসরি চুক্তির মাধ্যমে (DPM) পদ্ধতিতে করা যেতে পারে। কাজের ব্যয়ভার অত্র মডস জোনের ২০২৪-২৫ অর্থবছরের সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার পয়ঃ লাইন রক্ষনাবেক্ষণ (বাজেট কোড নং-০১-০৪-০০২) খাত এর RAPP ক্রমিক নং-Q২(১৮) হতে নির্বাহ করা যেতে পারে। আলোচ্য কাজের আর্থিক ও প্রশাসনিক অনুমোদন ক্ষমতা “প্রধান প্রকৌশলী” মহোদয়ের আওতাধীন। উপস্থাপিত প্রস্তাব সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো।

৩৫৬৮
০৫/০৫/২৫

মোঃ ইকবাল হোসেন
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-১, ঢাকা ওয়াসা

ME

০৫/০৫/২৫

মোঃ মেহেদী হাসান
সহকারী প্রকৌশলী
মডস জোন-১, ঢাকা ওয়াসা।

EE

০৫/০৫/২৫

মোঃ আমোয়ার হোসেন
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-১
ঢাকা ওয়াসা

SE (MODS/e-1)

০৬/০৫/২৫

মোঃ ফিরোজ আনম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-১, ঢাকা ওয়াসা।

০৫

০৫

০৫

০৫/০৫/২৫

প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা